বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
আইসিটি শাখা
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

মুজিব ১০০

## বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণী:

সভার তারিখ ও সময় : ২০-০২-২০২২, সকাল ১১.০০ টা
সভার স্থান : আরজেএসসি সম্মেলন কক্ষ
সভাপতি : শেখ শোয়েবুল আলম এনডিসি, নিবন্ধক (অতিরিক্ত সচিব)
সভার উপস্থিতি : সংযুক্ত 'ক'

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার সঞ্চালক RJSC'র প্রোগ্রামার জনাব জিকরা আমিন, পিএএ কে উপস্থাপনার জন্য আহ্বান জানান। অত:পর জনাব জিকরা আমিন RJSC'র বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন সংক্রান্ত সভা আয়োজনের পটভূমি সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি বার্ষিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের বিষয়ভিত্তিক অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। সভার এ পর্যায়ে উপস্থিত সকলকে বর্ণিত বিষয়ে উন্মুক্ত আলোচনার আহ্বান জানানো হয়।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | জনাব জিকরা আমিন পিএএ সভাকে অবহিত করেন যে, গত ০১-০২ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত নাগরিক সেবা উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় Inventory Management System শিরোনামে একটি নতুন উদ্ভাবনী ধারণা গ্রহণ করা হয়। যা ক্রয় করার জন্য ক্রয় শাখায় রিকুইজিশন প্রেরণ করা হয়েছে। | Inventory Management System ক্রয় করার জন্য ১৫-০৩-২০২২ খ্রি: তারিখের মধ্যে সফটওয়্যার ক্রয় করতে হবে। | জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম, সহকারি নিবন্ধক, জিকরা আমিন, পিএএ, অসীম মালী, ইন্সপেক্টর আইসিটি শাখা, আরজএসসি। |
| ০২ | একটি সেবা সহজিকরণ | জনাব জিকরা আমিন সভাকে অবহিত করেন যে, বাণিজ্য মন্ত্রণালয় হতে পেনশন সেবাটি সহজীকরণের সিদ্ধান্তের প্রেক্ষিতে ২৪-০১-০২২ তারিখে সেবা পদ্ধতি সহজিকরণ বিষয়ক প্রসেস ম্যাপ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক | বাস্তবায়িত বিধায় আগামী কার্যবিবরণী হতে বাদ দেয়া যেতে পারে। | সংস্থাপন শাখা |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | যাচাই-বাছাই করে প্রসেস ম্যাপ ফ্রাইনাল করা হয় ও ২৩-০২-২০২২ তারিখে প্রজ্ঞাপন জারী করা হয়। | | |
| ০৩ | সেরা ডিজিটাইজেশন | জনাব জিকরা আমিন সভাকে অবহিত করেন যে, গত ০১-০২ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত নাগরিক সেবায় উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় সেরা ডিজিটাইজেশনের জন্য প্রস্তাবিত কোম্পানি রেজিস্ট্রেশনের জন্য সংঘস্মারক ও সংঘবিধির ক্লজসমূহ স্বয়ংক্রিয়ভাবে গ্রাহক কর্তৃক অনলাইনের দাখিলের বিষয়টি ডিজিটাইজ করার সিদ্ধান্ত নেওয়া হয়। তৎপ্রেক্ষিতে কোম্পানির রিটার্ন সংক্রান্ত Form-IV ও মডেল AoA এর সত্যায়িত অনুলিপি স্বয়ংক্রিয়ভাবে অনলাইনে প্রেরণ সংক্রান্ত একটি পরিপত্র ২৬-১২-২০২১ তারিখে জারি করা হয়েছে। | বাস্তবায়িত বিধায় আগামী কার্যবিবরণী হতে বাদ দেয়া যেতে পারে। | আইটি শাখা |
| ০৪ | ই-নথির ব্যবহার বৃদ্ধি | জনাব জিকরা আমিন সভাকে অবহিত করেন যে, এ পরিদপ্তরে আগত হার্ডকপি চিঠিপত্রের সংখ্যা তুলনামূলক বেশী। ই-নথির মাধ্যমে আগত চিঠিপত্রের সংখ্যা তুলনামূলক কম। আগত চিঠিপত্রের হার্ডকপি, LAN এপ্লিকেশন, দুদকের চিঠিপত্রসহ দাপ্তরিক সকল ডাক একই রেজিস্টার খাতায় লিপিব্ধ করা হয়। যার বেশিরভাগই ই-নথির মাধ্যমে নিষ্পত্তি হয় না। | ই-নথি ব্যবহারের মাধ্যমে শতভাগ কাজ সম্পন্ন করার লক্ষ্যে সরকারী চিঠির জন্য এবং বেসরকারী বা কোম্পানি সংক্রান্ত আগত চিঠির জন্য পৃথক পৃথক রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। গ্রহণ-বিতরণ শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেওয়া হয়।<br>ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য দুদকের চিঠিপত্র e-নথিতে নিষ্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত। | গ্রহণ-বিতরণ শাখা ও আইটি শাখা |
| ০৫ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | জনাব জিকরা আমিন সভাকে অবহিত করেন যে, ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সংক্রান্ত একটি সেমিনার গত ২৮ নভেম্বর ২০২১ তারিখ আয়োজন করা হয়। ৪-৫ মার্চ ২০২২ তারিখে | সভা/কর্মশালার ক্যালেন্ডার মোতাবেক ২টি কর্মশালা করা হয়েছে। বাকি ২(দুই)টি সভা/কর্মশালা এপ্রিল-২০২২ এবং মে-২০২২ এ আয়োজন করা হবে। | আইসিটি শাখা, আরজএসসি। |

| ক্র: নং | আলোচ্য বিষয় | | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | | ০৩ | ০৪ | ০৫ |
| | | | চট্টগ্রামে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে একটি অবহিতকরণ কর্মশালা আয়োজন করা হয়।<br><br>এছাড়া এপ্রিল-২০২২ এবং মে-২০২২ এ একটি কর্মশালা ও একটি সভাসহ মোট ২টি সভা/কর্মশালা আয়োজন করা হবে। | | |
| ০৬ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদকৃত | জনাব জিকরা আমিন সভাকে অবহিত করেন যে, তথ্য বাতায়নে সকল সেবা বক্স নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। | তথ্য বাতায়নে সকল সেবা বক্স নিয়মিতভাবে হালনাগাদ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | আইসিটি শাখা, আরজএসসি। |
| | | বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত | জনাব জিকরা আমিন সভাকে অবহিত করেন যে, বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে নিয়মিত প্রকাশ করা হচ্ছে। | বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে নিয়মিতভাবে প্রকাশ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | আইসিটি শাখা, আরজএসসি। |
| ০৭ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | জনাব জিকরা আমিন সভাকে অবহিত করেন যে, ০১-০২ অক্টোবর ২০২১ তারিখে নাগরিক সেবায় উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আগামী মার্চ-২০২২, এপ্রিল-২০২২ এবং মে-২০২২ মাসে আরো ৩টি কর্মশালার আয়োজন করা হবে। | সভা/কর্মশালার ক্যালেন্ডার মোতাবেক অবশিষ্ট সভা/কর্মশালা মার্চ-২০২২ অথবা এপ্রিল-২০২২ আয়োজন করতে হবে। | ইনোভেশন টিম |
| | | ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | জনাব জিকরা আমিন সভাকে অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ হতে ৫০% ব্যয় করা হয়েছে। | এ পরিদপ্তরের বাজেট শাখার সাথে আলোচনা করে আরো অর্থ বরাদ্দকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সেই অনুযায়ী Revise বাজেটে ৩লক্ষ টাকা বরাদ্দ প্রদানের লক্ষ্যে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বাজেট শাখা ও আইসিটি শাখা, আরজএসসি। |
| ০৮ | কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত | | জনাব জিকরা আমিন সভাকে অবহিত করেন যে, এ সংক্রান্ত ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। | পরবর্তীতে ১টি সভা মে-২০২২ এ আয়োজন করা হবে। | ইনোভেশন টিম |
| ০৯ | কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | | ১৩-০১-২০২২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | ১৩-০১-২০২২ তারিখে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ ও বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | বাস্তবায়িত |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১০ | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | জনাব জিকরা আমিন সভাকে অবহিত করেন যে, মার্চ, ২০২২ এর মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করতে হবে। | ৪-৫ মার্চ ২০২২ তারিখে চট্টগ্রামে অবস্থিত PHP কোম্পানির উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা দান করা হয়। | ইনোভেশন টিম |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৩/২০২২


( শেখ শোয়েবুল আলম এনডিসি )
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৮১৮৯৪০১
ফ্যাক্স: +৮৮ ০২ ৮১৮৯৪০২
registrar@roc.gov.bd


স্মারক নম্বর- ২৬.০৬.০০০০.০৬০.৯৯.০০১.২১. ৪৬৪ তারিখঃ ০২ চৈত্র ১৪২৮ / ১৬ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. জনাব সন্তোষ কুমার পন্ডিত পিএএ, অতিরিক্ত নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
৩. জনাব রনজিৎ কুমার রায়, উপ নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
৪. জনাব জিকরা আমিন পিএএ, প্রোগ্রামার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
৫. জনাব আবু ইসা মোহাঃ মোস্তফা ভূঁইয়া পিএএ, উপ নিবন্ধক (চলতি দায়িত্ব), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
৬. জনাব মুহাম্মদ শফিকুল ইসলাম, সহকারী নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
৭. জনাব মো: সিরাজ উদ্দিন, সহকারী নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
৮. জনাব মোঃ রকিব আহমেদ রনী, সহকারী নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
৯. জনাব মুহাম্মদ সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর।
১০. অফিস কপি।